

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

১০৪২১

১৬/১/১২

নং বিবরণ ১৩(স)/২০০৮(রাজ ৪)(অংশ ১)/১০৪৫

তারিখ: ১৬/০৮/২০১২ খ্রিঃ

পরিপত্র

বিষয়: আর্থিক প্রতিষ্ঠান এবং ব্যাংকসমূহে আগোয়াস্ত্রের লাইসেন্স প্রদান ও নবায়ন সংক্রান্ত নীতিমালা।

দেশের সরকার অনুমোদিত আর্থিক প্রতিষ্ঠান এবং ব্যাংকসমূহে আগোয়াস্ত্র লাইসেন্স প্রদান ও নবায়নের নিমিত্তে বিভিন্ন সময়ে জারীকৃত সকল সার্কুলার/ অফিস আদেশ/প্রজ্ঞাপন সমূহ সমন্বয়সাধন করে পূর্ণাঙ্গ নীতিমালা জারী করা হলো।

১. ব্যাংক শাখা বা আর্থিক প্রতিষ্ঠানে নগদ সংরক্ষণের সিন্দুকসীমা অনুযায়ী শাখাসমূহকে তিনভাগে ভাগ করা হলো:

ক্যাটাগরী	সিন্দুকসীমা	১২ বোর বন্দুক/শটগানের সংখ্যা	গোলাবারুদের সংখ্যা
সি	সর্বোচ্চ ১ কোটি টাকা	০২টি	সর্বোচ্চ ২০টি
বি	১ কোটি টাকার উর্দ্ধে কিন্তু ৫ কোটি টাকার কম।	০৩টি	সর্বোচ্চ ৩০টি
এ	৫ কোটি টাকার উর্দ্ধে	০৪টি	সর্বোচ্চ ৪০টি

উল্লিখিত ছক অনুযায়ী আগোয়াস্ত্রের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানসমূহ কোন ক্যাটাগরীর হবে সে বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় কর্তৃক নিশ্চিতপূর্বক কতটি আগোয়াস্ত্রের প্রয়োজন তা উল্লেখ করত: প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

২. যে ব্যাংক/প্রতিষ্ঠান শাখার জন্য আগোয়াস্ত্রের প্রয়োজন হবে ঐ ব্যাংক/প্রতিষ্ঠান শাখার নামে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট লাইসেন্স ইস্যু করবেন।
৩. ব্যাংক/প্রতিষ্ঠানের নিজস্ব অর্থ পরিবহনে নিয়োজিত নিজস্ব গাড়ীর প্রত্যেকটির জন্য একটি করে আগোয়াস্ত্র এবং একজন করে গানম্যানের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এতদুদ্দেশ্যে, ক্যাশ ফিডিং এবং সাব ফিডিং শাখাসমূহের জন্য ১ নং অনুচ্ছেদে বর্ণিত ক্যাটাগরী অনুযায়ী প্রয়োজ্য আগোয়াস্ত্রের সংখ্যার অতিরিক্ত আগোয়াস্ত্র প্রয়োজন হলে উল্লেখ করত: প্রতিষ্ঠানটির প্রধান কার্যালয় কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।
৪. চরাঞ্চল, বনাঞ্চল, দুর্গম এলাকা কিংবা বিশেষ ঝুঁকিপূর্ণ এলাকায় অবস্থিত ব্যাংক/প্রতিষ্ঠানের শাখাসমূহ নিকটস্থ থানা হতে ৫ কিঃমিঃ এর বেশী দূরত্বে অবস্থিত হলে অতিরিক্ত ১টি আগোয়াস্ত্র সংরক্ষণ করতে পারবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের/প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের প্রত্যয়ন পত্রের প্রয়োজন হবে।
৫. ব্যাংক/প্রতিষ্ঠানের শাখা খোলার শুরুর্তেই, উক্ত শাখার জন্য নির্ধারিত সংখ্যক আগোয়াস্ত্রের লাইসেন্সের জন্য সম্ভাব্য দ্রুততম সময়ের মধ্যে শাখা ব্যবস্থাপক কর্তৃক প্রয়োজনীয় তথ্যাদিসহ সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনাপত্তির জন্য প্রেরণ করবে। এ ক্ষেত্রে নতুন শাখা খোলার প্রত্যয়নপত্র, আগোয়াস্ত্র ক্রয় সংক্রান্ত প্রধান কার্যালয়ের নির্দেশনা, প্রার্থীত আগোয়াস্ত্রের ধরণ, আবেদিত ব্যাংক শাখা/প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম ও জনবল, আয়কর সংক্রান্ত তথ্যাদি, ব্যাংকের/প্রতিষ্ঠানের নিরাপত্তার বিবরণী, গার্ডের অনুকূলে পুলিশ প্রতিবেদন, গার্ডের জীবন বৃত্তান্ত, গার্ডের অস্ত্র পরিচালনা সনদপত্র, বাড়ী ভাড়া চুক্তি ইত্যাদি আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে। তবে শাখার কার্যক্রম

শুধু হতে আগোয়াস্ত্র লাইসেন্স প্রাপ্তির মধ্যবর্তী সময়ে অভ্যন্তরীণ সমন্বয়ের মাধ্যমে শাখার নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

৬. আগোয়াস্ত্রের লাইসেন্স প্রাপ্তির ৫ (পাঁচ) বছরের মধ্যে অস্ত্র ক্রয় না করলে লাইসেন্সটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। বাতিলকৃত লাইসেন্স পুনর্বহাল করা যাবে না।
৭. ব্যাংকের/প্রতিষ্ঠানের অনুকূলে আগোয়াস্ত্রের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, অস্ত্রের ধরণ, বর্তমানে মালিকানায় আগোয়াস্ত্রের সংখ্যা, শাখা খোলার প্রত্যয়নপত্র, আগোয়াস্ত্র ক্রয় সংক্রান্ত প্রধান কার্যালয়ের নির্দেশনা, অস্ত্র রিটেইনারের জীবন বৃত্তান্ত ও পুলিশ প্রতিবেদন, অস্ত্র প্রশিক্ষণ প্রাপ্ত কর্মচারীর সংখ্যা এবং প্রশিক্ষণ সংক্রান্ত সনদপত্রসহ আবেদনপত্র সরকারের বিবেচনার জন্য জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়ে দাখিল করতে হবে। এ সকল প্রতিষ্ঠান তার কর্মচারীদের মধ্য হতে অস্ত্রের লাইসেন্স প্রাপ্তিতে যোগ্য (আয়কর প্রদান ব্যতীত) ব্যক্তিদের প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের রিটেইনার নিযুক্ত করার জন্য জেলা ম্যাজিস্ট্রেটের নিকট আবেদন করবেন।
৮. প্রত্যেকটি আগোয়াস্ত্রের জন্য প্রতিশাখায় অতিরিক্ত ন্যূনতম ১ জন গানম্যান নিয়োগ করতে হবে।
৯. কোন কারণে গানম্যানের পদে শূন্য হলে শূন্য পদে নিয়োগের ক্ষেত্রে পুলিশ ডেরিফেকেশন রিপোর্ট ও সশস্ত্র গানম্যানের অস্ত্র পরিচালনা সনদ সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটের নিকট জমা দিতে হবে।
১০. দুই বছর পর পর কার্তুজ পরিবর্তন করতে হবে। এ ক্ষেত্রে পুরাতন কার্তুজ সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটের নিকট জমা প্রদান করতে হবে।

স্বাক্ষরিত/-

( ড. কামাল উদ্দিন আহমেদ )

যুগ্ম-সচিব (রাজনৈতিক)

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জেলা ম্যাজিস্ট্রেট

ব্রাহ্মবাসীয়া (সকল)

নং-বিবিধ-১৩(৯)/২০০৮(রাজ-৪)(অংশ-১)/ ১০৪৫

তারিখ: ২৬/০৮/২০১২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৪। সচিব, .....
- ৫। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ৬। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৭। বিভাগীয় কমিশনার, ..... (সকল)। (বিষয়টি তাঁর অধীনস্থ সকল জেলা ম্যাজিস্ট্রেটগণকে অবহিত করণের জন্য অনুরোধসহ)।
- ৮। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। মাননীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

( এ. কে. মফিজুল হক )

উপ-সচিব (রাজ ৪)

২৬/০৮/২০১২